# নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী-৩৮১৪

নোবিপ্রবি/রেজি/সং-শা/কনি/১১৩/২০২২/৮০৭১ ০১ নভেম্বর ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

**নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত স্থায়ী ও শুন্যপদের বিপরীতে কর্মকর্তা ও কর্মচারী পদ পূরণের লক্ষ্যে বর্ণিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হতে এই বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ**

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | সিনিয়র মেডিকেল অফিসার<br>(গ্রেড-৬ষ্ঠ, স্কেল ৩৫,৫০০-৬৭,০১০)<br>মেডিকেল সেন্টার<br>(অব্যাহতিজনিত শুন্যপদ) | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস ডিগ্রিসহ পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি/ডিপ্লোমা থাকতে হবে। এফসিপিএস/এমএস ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। কার্ডিওলজিতে স্নাতকোত্তর/ডিপ্লোমা ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**অভিজ্ঞতা:** ক. পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি/ডিপ্লোমা থাকলে ইন্টার্নিশিপ সম্পন্ন করার পর মেডিকেল অফিসার হিসেবে সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ. এমবিবিএস ডিগ্রি। ইন্টার্নিশিপ শেষ করার পর মেডিকেল অফিসার হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০২ | সহকারী পরিচালক (পকিল্পনা ও উন্নয়ন)<br>(গ্রেড-৭তম, স্কেল: ২৯০০০-৬৩৪১০) | ০১টি | অর্থনীতি/পরিসংখ্যান/ব্যবসা প্রশাসনে ৪ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণী/জিপিএ ২.৭৫ থাকতে হবে। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে দ্বিতীয় বিভঅগ/জিপিএ ২.৭৫ থাকতে হবে।<br>বি.দ্র.: ক. স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ে যে কোন একটিতে প্রথম শ্রেণী/জিপিএ ৩.০ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।<br>খ. পাবলিক প্রকিউরমেন্ট রুলস এ প্রশিক্ষণপ্রাপ্ত এবং প্রকল্প প্রণয়ন ও প্ল্যানিং এর উপর দীর্ঘমেয়াদী/উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ থাকলে প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>অভিজ্ঞতা: সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে প্রকল্প প্রণয়ন/পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে কর্মকর্তা হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৩ | সেকশন অফিসার<br>(গ্রেড-৯ম, স্কেল ২২,০০০-৫৩,০৬০) | ০৫টি | **শিক্ষাগত যোগ্যতা:** ৪ বছরের সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি/৩ বছরের সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি/পাস কোর্সে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি; স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে দ্বিতীয় শ্রেণী/জিপিএ-২.৭৫ থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যে কোন একটিতে প্রথম শ্রেণী/জিপিএ-৩.০ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ থাকতে হবে। |
| ০৪ | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)<br>(গ্রেড-১০ম, স্কেল: ১৬,০০০-৩৮,৬৪০)<br>সিভিল ও স্থাপত্য শাখা | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** সরকারী প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে বা বিষয়ে ইঞ্জিনিয়ারিং এ ৩/৪ বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি। কমপক্ষে দ্বিতীয় শ্রেণী/জিপিএ ২.৭৫ থাকতে হবে। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে শ্রেণী/জিপিএ ২.৭৫ থাকতে হবে। |
| ০৫ | কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১১, স্কেল ১২,৫০০-৩০,২৩০) | ১২টি | **শিক্ষাগত যোগ্যতাঃ** দ্বিতীয় শ্রেণীর/জিপিএ-২.৭৫ সহ স্নাতক ডিগ্রি। কম্পিউটার অপারেশনে সক্ষমতা ও সনদ আবশ্যক।<br>অথবা সর্বস্তরে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ সহ এইচএসসি পাশ ও কম্পিউটার সায়েন্সে স্বীকৃত ইনস্টিটিউট/প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা থাকতে হবে। এসএসসি ও এইচএসসিতে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ থাকতে হবে।<br>কোন সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/প্রথিতযশা বেসরকারী বাণিজ্যিক প্রতিষ্ঠানে অফিস ম্যানেজমেন্ট প্রোগ্রামে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। কম্পিউটার অপারেটর পদে অবশ্যই প্রতি মিনিটে বাংলায় ২৫টি এবং ইংরেজিতে ৩০টি শব্দ কম্পিউটার কম্পোজ করার দক্ষতা থাকতে হবে।<br>**বি.দ্রঃ পাবলিক বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ০৩ (তিন) বছর চাকরির অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।** |
| ০৬ | ল্যাব টেকনিশিয়ান<br>(গ্রেড-১১তম, স্কেল: ১২,৫০০-৩০,২৩০)<br>১. ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স বিভাগ-০২টি।<br>(অব্যাহতিজনিত শুন্যপদ-০১টি)<br>২. এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ-০১টি | ০৩টি | **ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশন সায়েন্স বিভাগের ল্যাব টেকনিশিয়ান পদের যোগ্যতা ও অভিজ্ঞতা:**<br>১. কমপক্ষে পাঁচ বছরের কাজের অভিজ্ঞতাসহ বিএসসি পাশ।<br>২. সংশ্লিষ্ট ল্যাবরেটরীতে প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ প্রার্থীদের বেলায় শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।<br>৩. এসএসসি ও এইচএসসিতে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ থাকতে হবে।<br>৪. সংশ্লিষ্ট ল্যাবের কাজের অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>**এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের ল্যাব টেকনিশিয়ান পদের যোগ্যতা ও অভিজ্ঞতা:**<br>১. কমপক্ষে পাঁচ বছরের কাজের অভিজ্ঞতাসহ এনভায়রনমেন্টাল সায়েন্স/কেমিস্ট্রি/বোটানী অথবা মাইক্রোবায়োলজী বিষয়ে বিএসসি পাশ।<br>২. এসএসসি ও এইচএসসিতে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ থাকতে হবে।<br>৩. সংশ্লিষ্ট ল্যাবরেটরীতে প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ প্রার্থীদের বেলায় শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।<br>৪. সংশ্লিষ্ট ল্যাবের কাজের অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৭ | ফোরম্যান<br>(গ্রেড-১১, স্কেল ১২,৫০০-৩০,২৩০)<br>পরিবহন পুল, রেজিস্ট্রার দফতর | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** ১. সর্বস্তরে দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.৭৫ সহ এইচএসসি পাশ।<br>২. সংশ্লিষ্ট বিষয়ে ২ বছরের ট্রেড কোর্স।<br>সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের বেলায় শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।<br>অভিজ্ঞতা: কোন সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠানে ড্রাইভার বা পরিবহন সংক্রান্ত কাজে ৮ বছরের অভিজ্ঞতা। |
| ০৮ | ড্রাইভার (হেভি)<br>(গ্রেড-১৫তম, স্কেল: ৯,৭০০-২৩,৪৯০) | ০৬টি | **শিক্ষাগত যোগ্যতা:** ১. অষ্টম শ্রেণী পাশ, ২. ড্রাইভিং এ হেভী লাইসেন্স ও লগবুক লেখার যোগ্যতা থাকতে হবে।<br>অভিজ্ঞতা: ড্রাইভিং এ কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>**বি.দ্রঃ পাবলিক বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ০৩ (তিন) বছর চাকরির অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।** |
| ০৯ | অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট<br>(গ্রেড-১৬তম, স্কেল: ৯,৩০০-২২,৪৯০) | ১০টি | **শিক্ষাগত যোগ্যতা:** সর্বস্তরে দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.৭৫ সহ কমপক্ষে এইচএসসি পাশ। বাংলা ও ইংরেজীতে কম্পিউটারে কাজ করার সক্ষমতা ও সনদ আবশ্যক। অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট পদে অবশ্যই প্রতি মিনিটে বাংলায় ২০টি এবং ইংরেজিতে ২৫টি শব্দ কম্পিউটার কম্পোজ করার দক্ষতা থাকতে হবে।<br>**বি.দ্রঃ পাবলিক বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ০৩ (তিন) বছর চাকরির অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।** |
| ১০ | জেনারেটর অপারেটর<br>(গ্রেড-১৮তম, স্কেল: ৮,৮০০-২০,২৯০)<br>প্রকৌশল শাখা | ০১ টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি পাশ। পাঁচ বছরের অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।<br>**অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট পদে ০২ বছরের অভিজ্ঞতার থাকতে হবে। |
| ১১ | লিফট মেকানিক<br>(গ্রেড-১৮তম, স্কেল: ৮,৮০০-২০,২৯০)<br>প্রকৌশল শাখা | ০২ টি | **শিক্ষাগত যোগ্যতা:** ১. দ্বিতীয় বিভাগ/জিপিএ ২.২৫ সহ এসএসসি পাশ।<br>২. কোন স্বীকৃত কারিগরী প্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ।<br>৩. ৫ (পাঁচ) বছরের অধিক বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে।<br>**অভিজ্ঞতা:** লিফট সংক্রান্ত কজে ০২ বছরের অভিজ্ঞতার থাকতে হবে। |
| ১২ | ল্যাব এটেনডেন্ট<br>(গ্রেড-১৮তম, স্কেল: ৮,৮০০-২০,২৯০)<br>এসিসিই ও আইসিই | ০২টি | **শিক্ষাগত যোগ্যতা ঃ** এসএসসি ওএইচএসসিতে কমপক্ষে জিপিএ ২.২৫সহ বিজ্ঞান বিভাগে এইচএসসি পাশ।<br>সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ১৩ | অফিস সহায়ক (পিয়ন/দপ্তরী)<br>(গ্রেড-২০তম, স্কেল: ৮,২৫০-২০,০১০) | ০৭টি | **শিক্ষাগত যোগ্যতা:** দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.২৫ সহ এসএসসি/সমমান পাশ। |
| ১৪ | গেইট কিপার<br>(গ্রেড-২০তম,স্কেল: ৮,২৫০-২০,০১০)<br>কেন্দ্রিয় লাইব্রেরী-০১টি | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** দ্বিতীয় বিভাগ/জিপিএ-২.২৫ সহ এসএসসি/সমমান পাশ। |
| ১৫ | বুক বাইন্ডার<br>(গ্রেড-২০তম,স্কেল: ৮,২৫০-২০,০১০)<br>কেন্দ্রিয় লাইব্রেরী-০১টি | ০১টি | **শিক্ষাগত যোগ্যতা:** অষ্টম শ্রেণী পাশ।<br>অভিজ্ঞতা: বুক বাউন্ডিং কাজে ৩ বছরের অভিজ্ঞতার সনদ। |
| ১৬ | নিরাপত্তা প্রহরী/গার্ড<br>(গ্রেড-২০তম,স্কেল: ৮,২৫০-২০,০১০) | ০৪টি | **শিক্ষাগত যোগ্যতা:** অষ্টম শ্রেণী পাশ।<br>সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য, বিজিবি'র অবসরপ্রাপ্ত সদস্য, আনসার বাহিনীর সদস্য, গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য ও সরকার অনুমোদিত বেসরকারী সিকিউরিটি সার্ভিসের সদস্য।<br>**অভিজ্ঞতা:** উল্লিখিত বাহিনীতে চাকরির অভিজ্ঞতার সনদ থাকতে হবে। ফৌজদারী অপরাধের জন্য আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত ও সংশ্লিষ্ট বাহিনী কর্তৃক কোন অপরাধ বা শৃঙ্খলা ভঙ্গেও জন্য কোন ধরণের শাস্তি প্রাপ্তদের আবেদন গ্রহণযোগ্য হবেনা। সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত ও বিজিবি'র অবসরপ্রাপ্ত সদস্যদের বয়স অনূর্ধ ৪০ হতে হবে এবং আনসার বাহিনী, গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য ও সরকার অনুমোদিত বেসরকারী সিকিউরিটি সার্ভিসের সদস্যের বয়স অনূর্ধ ৩০ হতে হবে। |
| ১৭ | মালি (গার্ডেনার)<br>(গ্রেড-২০তম, স্কেল: ৮,২৫০-২০,০১০) | ০৪টি | **শিক্ষাগত যোগ্যতাঃ** অষ্টম শ্রেণী পাশ।<br>অভিজ্ঞতা: কোন খ্যাতিমান নার্সারীতে বিভিন্ন প্রকার গাছের চারা তৈরিসহ গার্ডেনিং এ কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতা। |
| ১৮ | **পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়ুদার/মেথর/ক্লিনার/সুইপার)**<br>(গ্রেড-২০তম, স্কেল: ৮,২৫০-২০,০১০) | ০৭টি | **শিক্ষাগত যোগ্যতা:** অষ্টম শ্রেণী পাশ।<br>অভিজ্ঞতা: আবেদনের সময় বাথরুম/টয়লেট পরিষ্কার কাজে কমপক্ষে ২ বছরের অভিজ্ঞতার সনদ প্রদান করতে হবে। |

**<u>আবেদনের শর্তাবলী:</u>**

১. কর্মকর্তা ও কর্মচারী পদে আগ্রহী প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nstu.edu.bd) থেকে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করে আবেদন করতে হবে।

২. উপরোক্ত কর্মকর্তা ও কর্মচারী পদে আগামী ২১ নভেম্বর ২০২২ এর মধ্যে (অফিস চলাকালীন সময়) নিম্নস্বাক্ষরকারী বরাবর কর্মকর্তা (৬ষ্ঠ গ্রেড হতে ১০ম গ্রেড পর্যন্ত) পদে আবেদনকারীদেরকে ৭ সেট এবং কর্মচারী ( ১১তম গ্রেড হতে ২০তম গ্রেড পর্যন্ত) পদে আবেদনকারীদেরকে ৬ সেট আবেদন (জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট সাইজ ২ কপি ছবি এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপিসহ) A4 সাইজ খামে জমা দিতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩. প্রত্যেক প্রার্থীকে খামের উপর তাঁর নাম-ঠিকানা ও প্রার্থিত পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

৪. অসম্পূর্ণ ও ক্রটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীদেরকে নোবিপ্রবি আয় হিসাব নম্বর ০২০০০০৫৩২৬৫৮৪, অগ্রণী ব্যাংক লিমিটেড, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা এর বিপরীতে (অফেরতযোগ্য) গ্রেড-৬ষ্ঠ হতে গ্রেড-১০ম পদের জন্য ৮০০.০০ (আটশত) টাকা, গ্রেড-১১তম হতে গ্রেড-১৬তম পদের জন্য ৫০০.০০ (পাঁচশত) টাকা এবং গ্রেড-১৭তম হতে গ্রেড-২০তম পদের জন্য ৩০০.০০ (তিনশত) টাকা অনলাইনে জমা প্রদান পূর্বক মূল রশিদ আবেদনের সাথে সংযুক্ত করে রশিদের ক্রমিক নম্বর আবেদনে উল্লেখ করতে হবে।

৫. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিল করা যেতে পারে।

৬. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বেকার চাকরি গননা করে নোবিপ্রবি'র চাকরি গননা সংশ্লিষ্ট কমিটি কর্তৃক অনুমোদনের কপি আবেদনের সময় জমা দিতে হবে।

৭. কোন পদে নিয়োগ পেতে ইচ্ছুক ব্যক্তির বয়স উক্ত পদে নিয়োগদানের জন্য প্রচারিত বিজ্ঞপ্তিতে বর্ণিত বয়স সীমার মধ্যে হতে হবে।

৮. নিয়োগের ক্ষেত্রে যে কোন পরীক্ষায় ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়।

৯. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়।

১০. চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১. মুক্তিযোদ্ধা প্রার্থীদের ক্ষেত্রে সরকারী নীতিমালা অনুসরণ করা হবে।

১২. আবেদনকারীকে আবেদন পত্রে অবশ্যই শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং প্রার্থীর তথ্য গোপনের কারণে আবেদনপত্র বাতিলসহ যথাযথ আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

১৩. অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১৪. নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৫. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্যে প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬. বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিধি এবং প্রযোজ্য অন্যান্য সরকারী নিয়ম ও আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।

**মোহাম্মদ জসীম উদ্দিন**
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়